দ্বিতীয় অধ্যায়
(অডিট মন্তব্য)

দ্বিতীয় অধ্যায়

অডিট মন্তব্য

১) অন্যান্য আর্থিক অনিয়ম সমূহ

অডিট মন্তব্য।

১ ২৫৯,৭৬,৯৬,০০০ টাকার বিল/ভাউচার অডিটে উপস্থাপন না করা জনিত গুরুতর আর্থিক অনিয়ম।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক আইডিএ ঋণ চুক্তি নং-৩১০১ বিডি ও ৩৭৩৫-বিডির আর্থিক সহায়তায় বাস্তবায়িত স্বাস্থ্য ও জন সংখ্যা কর্মসূচীর (এইচ, পি,এস,পি) ১৯৯৯-২০০০ সনের হিসাব ০৮-০৯-২০০০ হইতে ১৪-০৯-২০০০ পর্যন্ত সময়ে লাইন ডাইরেক্টর, ই, এস, পি (প্রজনন স্বাস্থ্য), ৩/২, আসাদ এভেনিউ, মোহাম্মদপুর ঢাকা এর কার্যালয়ে অডিট করা হয়। অডিটকালে স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত আর্থিক বিবরণী হইতে পরিলক্ষিত হয় যে, দাতা সংস্থার প্রতিনিধি কর্তৃক মোট ২৫৩,৬৪,৪৫,০০০ টাকা সরাসরি খরচ করা হইয়াছে। ইহার মধ্যে ইউ,এন,এফ,পিএ কর্তৃক ২,৪৯,৭৭,০০০ টাকা (পেট্রোল এন্ড লুব্রিকেন্ট এর জন্য ২,৮৮,০০০,টাকা প্রিন্টিং এন্ড পাবলিকেশনের জন্য ৩০,৩১,০০০ টাকা, প্রশিক্ষণের জন্য ৭২,৬৪,০০০ টাকা, সেমিনার ও কনফারেন্সের জন্য২,৪৩,০০০ টাকা,কনসালটেন্সীর জন্য ৯৩,৩৭,০০০ টাকা, মটরভেইকল এর জন্য ৩৫,৬৭,০০০টাকা , কম্পিউটার এন্ড অফিস ইকুইপমেন্টস এর জন্য ১১,০৮,০০০ টাকা এবং মেরামত ও রক্ষণাবেক্ষণ এর জন্য ১,৩৯,০০০ টাকা)। ইউনিসেফ ও ডি,এস,আই, এফ ফান্ড হইতে টাকা ১৯৩,৯৩,৫৮,০০০ টাকা(ভ্যাকসিন ও ড্রাগস এর জন্য টাকা ১৫,১০,০৬,০০০, মেডিক্যাল এন্ড সার্জিক্যাল সাপ্লায়াস এর জন্য টাকা ১,৮৩,৩২,০০০ কনট্রাসেপটিভস এর জন্য টাকা ১৭৭,০০,২০,০০০)। এনজিও বি,পি,এস,সি শাপলা, মেরিস্কোপ সোসাইটি ক্লিনিক এবং পরিবার পরিকল্পনা সমিতি কর্তৃক ২৩,০১,৩৩,০০০ টাকা এবং জাইকা কর্তৃক ৩৪,১৯,৭৭,০০০ টাকা (অফিস বিল্ডিং নির্মাণের জন্য ৩০,১৯,৭৭,০০০ টাকা এবং মেশিনারীজ এবং অন্যান্য ইকুইপমেন্টস ৪,০০,০০,০০০ টাকা)। কিন্তু উক্তব্যয়ের স্বপক্ষে বিল/ভাউচার, টেন্ডার ডকুমেন্টস, প্রাক্কলন, স্টক এবং ইস্যু রেকর্ডস, ভ্যাকসিন, ড্রাগ ও কনট্রাসেপটিভস প্রকিউরমেন্টের স্বপক্ষে প্রয়োজনীয় ইনভয়েস, পরামর্শক নিয়োগ সংক্রান্ত রেকর্ডস, কন্ট্রাক্ট/ডীড, মাসিক খরচের বিস্তারিত বিবরণী, নাম, পদবী, জন দিবস, জন দিবসের হার, ইত্যাদি প্রমাণপত্র, উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রতিস্বাক্ষরিত হাজিরা রেকর্ডস, ট্রেনিং, কনফারেন্স ও সেমিনারে অংশ গ্রহণ কারীগণের সরকারী আদেশ সহ নির্বাচন তালিকা, এন,জিও সহায়ক খরচের রেকর্ডস ইত্যাদি অডিটের চাহিদানুযায়ী অডিটে উপস্থাপন করা হয় নাই।

(খ) একইভাবে লাইন ডাইরেক্টর ইএসপি (প্রজনন স্বাস্থ্য) এবং বিভিন্ন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক সরবরাহকৃত খরচের বিবরণী হইতে দেখা যায় যে, বিভিন্ন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মেডিক্যাল অফিসার (এম, সি,এইচ) এবং উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক মোট ৬,১২,৫১,০০০ টাকা ব্যয় করা হইয়াছে। কিন্তু উক্ত ব্যয়ের স্বপক্ষে কোনরূপ অডিটযোগ্য তথ্যাদি অডিটের চাহিদানুযায়ী অডিটে উপস্থাপন করা হয় নাই। ফলে উপরোক্ত সরাসরি খরচসহ উক্ত খরচের সঠিকতা যাচাই করা সম্ভব হয় নাই। সংবিধানের ১২৮(১) ধারা ও জিএফআর এর অনুচ্ছেদ ১৯ অনুযায়ী অডিটের নিকট অডিটযোগ্য বিল/ভাউচার উপস্থাপন করা অডিটির দায়িত্ব। অডিটের নিকট অডিটযোগ্য বিল/ভাউচার উপস্থাপন না করায় সংবিধান ও জিএফআর এর বিধান লংঘিত হইয়াছে এবং ভাউচারগুলি অডিট বহির্ভুত থাকিয়া যায় এবং খরচের বৈধতা অডিটের পক্ষে যাচাই করা সম্ভব হয় নাই।

উক্ত লেনদেনকালীন সময়ে দায়ীত্বে নিয়োজিত ব্যক্তিগনের নাম পরিশিষ্টে দেখানো হইল।

বিষয়টির উপর স্থানীয়ভাবে আপত্তি উত্থাপন করিয়া কোন জবাব না পাওয়ায় অনিয়মটি অগ্রিম অনুচ্ছেদ আকারে ৭-১-২০০০ তারিখে মন্ত্রণালয় ও প্রকল্প পরিচালকের গোচরে নেওয়া হয় এবং জবাবরেব জন্য ২১-১-২০০০ তারিখে তাগিদপত্র দেওয়া হয়। এতদসত্ত্বেও জবাব না পাওয়ায় সর্বশেষ ব্যবস্থা হিসাবে ২৯-১-২০০০ তারিখে মন্ত্রণালয়ের সচিব বরাবরে আধা-সরকারী পত্র লিখা হয়। তথাপি কোন জবাব পাওয়া যায় নাই।

এতএব উল্লেখিত ভাউচারাদি অডিটে উপস্থাপন না করার জন্য দায়-দায়িত্ব নির্ধারণ ও ভাউচার গুলি অডিটের ব্যবস্থা গ্রহণ আবশ্যক।

২ ১২,৭০,৪৩৮ টাকা খরচের বিল/ভাউচার অডিটের নিকট উপস্থাপন না করা জনিত গুরুতর আর্থিক অনিয়ম।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন আইডিএ-৩১০১ বিডির আর্থিক সহায়তায় বাস্তবায়িত প্রভিশন অফ অলটারনেটিভ মেডিকেল কেয়ার আন্ডার হেলথ্ এন্ড পপুলেশন সার্ভিস প্রোগ্রাম এর ১৯৯৯-২০০০ সালের হিসাব ২১-৯-২০০০ হইতে ২৫-৯-২০০০ পর্যন্ত সময়ে লাইন ডাইরেক্টর, প্রভিশন ফর অলটারনেটিভ মেডিকেল কেয়ার ডি,সি,এইচ,এস, মহাখালী, ঢাকা কার্যালয়ে অডিট করা হয়। অডিটকালে স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক সরবরাহকৃত আর্থিক বিবরণী হইতে দেখা যায় যে,মেডিকেল অফিসার (ইউনানী) কর্তৃক সম্মানী বাবদ ২৭,০৩,০০০ টাকা খরচ করা হইয়াছে, কিন্তু স্থানীয় লাইন ডাইরেক্টর অফিস কর্তৃক অডিটের চাহিদা অনুযায়ী উক্ত টাকার মধ্য হইতে ১৪,৩২,৩৬২ টাকার বিল/ভাউচার অডিটে উত্থাপন করা হয়। বাকী (২৭,০৩,০০০ - ১৪,৩২,৫৬২) = ১২,৭০,৪৩৮ টাকা খরচের বিল/ভাউচার অডিটের নিকট উপস্থাপন করা হয় নাই। ফলে উক্ত ব্যয়ের যথার্থতা এবং সম্মানী ভাতা বিধি সম্মত ভাবে পরিশোধ করা হইয়াছে কিনা তাহা নিশ্চিত হওয়া সম্ভব হয় নাই।

সংবিধানের ১২৮(১) ধারা ও জিএফআর এর অনুচ্ছেদ ১৯ এর বিধান অনুযায়ী অডিটের নিকট অডিটযোগ্য বিল/ভাউচার উপস্থাপন করা অডিটির দায়িত্ব। অডিটের নিকট অডিট যোগ্য বিল/ভাউচার উপস্থাপন না করায় সংবিধান ও জিএফআর এর বিধান লংঘিত হইয়াছে এবং বিল/ভাউচারগুলি অডিটের বাহিরে থাকিয়া যায় । ফলে উক্ত ব্যয়ের বৈধতা যাচাই করা সম্ভব হয় নাই।

উক্ত সময়ে ডঃ জাহানারা বেগম লাইন ডাইরেক্টর এর দায়িত্বে নিয়োজিত ছিলেন।

বিষয়টির উপর স্থানীয়ভাবে আপত্তি উপস্থাপন করিয়া কোন জবাব না পাওয়ায় অগ্রিম অনুচ্ছেদ আকারে ২১-১১-২০০০ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও প্রকল্প পরিচালকের গোচরে নেওয়া হয় এবং জবাব ত্বরান্বিত করার জন্য ৭-১-২০০১ তারিখে তাগিদ দেওয়া হয়। এতদসত্বেও জবাব না পাওয়ায় সর্বশেষ ব্যবস্থা হিসাবে মন্ত্রণালয়ের সচিব বরাবরে ২৯-১-২০০১ তারিখে আধা-সরকারী পত্র লিখা হয়। কিন্তু কোন জবাব পাওয়া যায় নাই।

সাংবিধানিক বিধান ও কোডাল রুল ভঙ্গ করার জন্য দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ সহ ভাউচার গুলি অডিটের ব্যবস্থা করা আবশ্যক।

৩ খরচের সপক্ষে দলিল পত্রাদি ও প্রমাণক ছাড়া অনিয়মিতভাবে টাকা ৪,৫০,০০০ ব্যয়।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক আইডিএ-৩১০১ বিডি ও ২৭৩৫ বিডির অধীন ইউনিসেফ ও বিশ্ব স্বাস্থ্য সংস্থার অর্থায়নে বাস্তবায়িত জাতীয় পুষ্টি কার্যক্রম কর্মসূচীর ১৯৯৯-২০০০ সালের হিসাব ৮-৯-২০০০ হইতে
১৩-৯-২০০০ পর্যন্ত সময়ে অডিট করা হয়। অডিটকালে ক্যাশ বুক এবং খরচের পরিশোধ সংক্রান্ত রেকর্ড হইতে দেখা যায় যে, ঢাকা বিশ্ব বিদ্যালয়ের আই এন এফ এস প্রতিষ্ঠানের গবেষণাগারের দায়িত্বে নিয়োজিত অধ্যাপক কাজী সালামতুল্লাকে ৩,৪০,৯২০ টাকা (রশিদ নং-৫৩ তাং-৪-৬-২০০০) এবং লাইন ডাইরেক্টর আই পি এইচ এন, মহাখালী ঢাকার অধ্যাপক মামুনুর রশিদ কে ১,০৯,০৮০ টাকা
(রশিদ নং-৫২ তাং-৪-৬-২০০০) ইউরিন এনালাইসিস এর মূল্য বাবদ পরিশোধ করা হইয়াছে। কিন্তু উক্ত খরচের সপক্ষে দলিল পত্রাদি যেমন নমুনা ক্রয়ের রেকর্ডপত্র, পরীক্ষার জন্য দ্রব্যাদি ক্রয়, রাসায়নিক পদার্থ গবেষণাগারে পরীক্ষার রশিদ ইত্যাদি দলিল পত্র অডিটের নিকট চাহিদানুযায়ী উপস্থাপন করা হয় নাই। উল্লেখ্য দলিল পত্রদির অভাবে অডিট কর্তৃক খরচের বৈধতা যাচাই করা সম্ভব হয় নাই।

উক্ত লেনদেনের সময় অধ্যাপক কাজী সালামতুল্লা ল্যাব ইন চার্জ, আইএনএফএস ঢাকা বিশ্ব বিদ্যালয় এবং অধ্যপক মামুনুর রশিদ লাইন ডাইরেক্টর ও ডাইরেক্টর আই পি এইচ এন মহাখালী ঢাকা প্রকল্পের দায়িত্বে নিয়োজিত ছিলেন।

বিষয়টির উপর স্থানীয়ভাবে আপত্তি উপস্থাপন করিয়া কোন জবাব না পাওয়ায় অগ্রিম অনুচ্ছেদ আকারে ২১-১১-২০০০ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও প্রকল্প পরিচালকের গোচরে নেওয়া হয় এবং জবাব ত্বরান্বিত করার জন্য ৭-১-২০০১ তারিখে তাগিদ দেওয়া হয়। মন্ত্রণালয় হইতে ২৬-১২-২০০০ তারিখে লিখিত একটি পত্র ০৭-০১-২০০১ তারিখে অডিট অফিসে গ্রহীত হয়। জবাবে বলা হয় যে, ৪,৫০,০০০ টাকার মধ্যে ১,০৯,০৮০ টাকা লাইন ডাইরেক্টর সরাসরি খরচ করেন। যাহার কাগজপত্র তাহার দপ্তরে জমা আছে। বাকী আপত্তিকৃত ৩,৪০,৯২০ টাকার ব্যাপারে কিছু বলা হয় নাই। তাই বাকী টাকার বিল ভাউচার সংগ্রহ পূর্বক জরুরী ভিত্তিতে অডিটের ব্যবস্থা গ্রহণের জন্য বলা হয়।কিন্তু কোন জবাব পাওয়া যায় নাই। সর্বশেষ ব্যবস্থা হিসাবে মন্ত্রণালয়ের সচিব বরাবরে ২৯-১-২০০১ তারিখে আধা-সরকারী পত্র লিখা হয়। কিন্তু কোন জবাব পাওয়া যায় নাই।

এই অনিয়মিত খরচের দায়-দায়িত্ব নির্ধারণ পূর্বক উক্ত ব্যয়ের ভাউচারাদি অডিটের ব্যবস্থা গ্রহণ আবশ্যক।

৪ অডিটের চাহিদানুযায়ী অডিটযোগ্য ২৯,৯৮,৮২,০০০ টাকার বিল ভাউচার উপস্থাপন না করা জনিত গুরুতর আর্থিক অনিয়ম।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন আইডিএ ক্রেডিট নং-৩১০১ বিডির অর্থায়নে বাস্তবায়িত স্বাস্থ্য ও জনসংখ্যা সেক্টর কর্মসূচীর আওতাধীন লাইন ডাইরেক্টর নির্মাণ মেরামত ও রক্ষণাবেক্ষণ এর ১৯৯৯-২০০০ সালের হিসাব ৭-৯-২০০০ হইতে ৩-১২-২০০০ পর্যন্ত সময়ে অডিট করা হয়। অডিটকালে উপজেলা প্রকৌশলী, তাড়াইল, কিশোরগঞ্জ, নির্বাহী প্রকৌশলী , পি,ডব্লিউ,ডি, বিভাগ-১ খুলনা, নির্বাহী প্রকৌশলী এলজিইডি, পোরসা, নওগাঁ এবং নির্বাহী প্রকৌশলী পি.ডব্লিউ.ডি. দিনাজপুর কার্যালয়ের নথিপত্রাদি হইতে দেখা যায় যে, নির্মাণ সামগ্রী ক্রয় ও ওয়ার্কচার্জ কর্মীর বেতন ইত্যাদি খাতে ২৯,৯৮,৮২,০০০ টাকা ব্যয় করা হয়। কিন্তু অডিটের চাহিদা সত্ত্বেও খরচকৃত টাকার বিল ভাউচার অডিটের নিকট উপস্থাপন করা হয় নাই। ইহাতে বিল/ভাউচার গুলি অডিটের বাহিরে থাকিয়া যায় এবং অডিটের পক্ষে খরচের বৈধতা যাচাই করা সম্ভব হয় নাই।

বাংলদেশ সংবিধানের ১২৮(১) অনুচ্ছেদ এবং জিএফআর ভলিউম-১ প্যারা-১৯ অনুযায়ী অডিটের নিকট চাহিদা মোতাবেক বিল ভাউচার উপস্থাপন অডিটির দায়িত্ব। কিন্তু স্থানীয় কর্তৃপক্ষ চাহিদা সত্ত্বেও অডিটের নিকট উপরোক্ত খরচের বিল/ভাউচার উপস্থাপন করে নাই। যাহা গুরুতর আর্থিক অনিয়ম।

উক্ত সময়ে নিম্ন বর্ণিত কর্মকর্তাগন দায়িত্বে নিয়োজিত ছিলেনঃ-

নাম	পদবী
জনাব আবদুল বাতেন,	উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তাড়াইল, কিশোরগঞ্জ।
জনাব ইসহা হক,	নির্বাহী প্রকৌশলী, পিডব্লিউডি, বিভাগ-১, খুলনা।
জনাব মোঃ মোস্তফা	নির্বাহী প্রকৌশলী, পিডব্লিউডি, বিভাগ-৪, ঢাকা।
জনাব পিরোজ কুমার,	উপজেলা প্রকৌশলী, এলজিইডি,পোরসা, নওগাঁ।
জনাব জাহাঙ্গীর আলম,	নির্বাহী প্রকৌশলী, পিডব্লিউডি, দিনাজপুর।

বিষয়টির উপর স্থানীয়ভাবে আপত্তি উপস্থাপন করিয়া কোন জবাব না পাওয়ায় অগ্রিম অনুচ্ছেদ আকারে ৭-১-২০০১ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও প্রকল্প পরিচালকের গোচরে নেওয়া হয় এবং জবাব ত্বরান্বিত করার জন্য ২১-০১-২০০১ তারিখে তাগিদ দেওয়া হয়। এতদসত্বেও জবাব না পাওয়ায় সর্বশেষ ব্যবস্থা হিসাবে মন্ত্রণালয়ের সচিব বরাবরে ২৯-১-২০০১ তারিখে আধা-সরকারী পত্র লিখা হয়। তথাপি কোন জবাব পাওয়া যায় নাই।

অডিটের নিকট অডিটযোগ্য রেকর্ড পত্রাদি উপস্থাপন না করার জন্য দায় দায়িত্ব নির্ধারণ ও দায়ী ব্যক্তিবর্গের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ সহ অনিরীক্ষিত বিল ভাউচার গুলি অডিটের ব্যবস্থা করা আবশ্যক।

৫ গ্যাস সংযোগ বাবদ ঠিকাদারকে অনিয়মিতভবে ৫,৯৬,৫৪৭ টাকা প্রদান করায় গুরুতর আর্থিক অনিয়ম।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন আইডিএ ক্রেডিট নং-৩১০১ বিডির অর্থায়নে বাস্তবায়িত স্বাস্থ্য ও জনসংখ্যা সেক্টর কর্মসূচীর আওতাধীন লাইন ডাইরেক্টর নির্মাণ মেরামত ও রক্ষণাবেক্ষণ এর ১৯৯৯-২০০০ সালের হিসাব ৭-৯-২০০০ হইতে ৩-১২-২০০০ পর্যন্ত সময়ে অডিট করা হয়। অডিটকালে নির্বাহী প্রকৌশলী, সি,এম,এম,ইউ, ঢাকা ডিভিশন কার্যালয়ের বিল ভাউচার ও নথিপত্র হইতে পরিলক্ষিত হয় যে, গ্যাস সংযোগ বাবদ বিভিন্ন ঠিকাদারকে নিম্ন লিখিত খাতে (1) Renovation & Extension of MCWC Buildings & construction of New FWVS at Chandpur & Lakdhimpur Dist. (2) Construction of MCWC at Sunamgonj Sadar. (3) Repair, Renovation and Extension of Clinic Building & New Mo's Qtr & PWV at Manikgonj. (4) Repair, Renovation & construction work of service & training centre at Mohamadpur, Dhaka . সর্বমোট ৫,৯৬,৫৪৬.৫৭ টাকা প্রদান করা হয়। কিন্তু কন্ট্রাক্ট ডকুমেন্টের ক্লজ নং-৫.০১ (পৃষ্টা নং-২৪) অনুযায়ী ঠিকাদারগণ তিতাস গ্যাস কোম্পানী লিঃ এর নিকট হইতে প্রয়োজনীয় অনুমোদন গ্রহণ করে নাই এবং গ্যাস সংযোজনের সপক্ষে গ্যাস কোম্পানীর ডিমান্ড লেটার এবং ডিপোজিট চালান অডিটের চাহিদানুযায়ী পাওয়া যায় নাই।উপরোক্ত কাগজপত্র ব্যতীত ঠিকাদারকে প্রদত্ত ৫,৯৬,৫৪৬.৭৫ টাকা প্রদান চুক্তি বহির্ভূত ও অনিয়মিত।

উক্ত সময়ে জনাব কর্ণেল সৈয়দ আনোয়ার হোসেন প্রধান প্রকৌশলী হিসাবে দায়িত্বে নিয়োজিত ছিলেন।

বিষয়টির উপর স্থানীয়ভাবে আপত্তি উপস্থাপন করিয়া কোন জবাব না পাওয়ায় অগ্রিম অনুচ্ছেদ আকারে ৭-১-২০০১ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও প্রকল্প পরিচালকের গোচরে নেওয়া হয় এবং জবাব ত্বরান্বিত করার জন্য ২১-০১-২০০১ তারিখে তাগিদ দেওয়া হয়। এতদসত্বেও জবাব না পাওয়ায় সর্বশেষ ব্যবস্থা হিসাবে মন্ত্রণালয়ের সচিব বরাবরে ২৯-১-২০০১ তারিখে আধা-সরকারী পত্র লিখা হয়। তথাপি কোন জবাব পাওয়া যায় নাই।

চুক্তি বহির্ভূত প্রমাণক কাগজপত্র ব্যতীত ঠিকাদারকে আপত্তিকৃত অর্থ পরিশোধের জন্য দায় দায়িত্ব নির্ধারণ পূর্বক প্রশাসনিক/ বিভাগীয় ব্যবস্থা গ্রহণ আবশ্যক।

৬ বালি ভরাট কাজ বাবদ অনিয়মিতভাবে ২,১২,৮০০ টাকা প্রদান।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন আইডিএ ক্রেডিট নং-৩১০১ বিডির অর্থায়নে বাস্তবায়িত স্বাস্থ্য ও জনসংখ্যা সেক্টর কর্মসূচীর আওতাধীন লাইন ডাইরেক্টর নির্মাণ মেরামত ও রক্ষণাবেক্ষণ এর ১৯৯৯-২০০০ সালের হিসাব ৭-৯-২০০০ হইতে ৩-১২-২০০০ পর্যন্ত সময়ে অডিট করা হয়। অডিটকালে প্রধান প্রকৌশলী সি,এম,এম,ইউ, ঢাকা অফিসের বিল/ভাউচার এবং অন্যান্য নথিপত্রাদি হইতে দেখা যায় যে, কার্যাদেশ নং-১১ তাং-৪.২.৯৭ইং এর মাধ্যমে ঠিকাদার মেসার্সজামান ট্রেডার্সকে এনে? বিল্ডিং এর অপারেশন থিয়েটার এবং এফ ডব্লিউ ভি দের কোয়াটার নির্মাণ কাজের কার্যাদেশ প্রদান করা হয় এবং বিল নং-২ তাং-১১-৪-২০০০ এর মাধ্যমে বালি ভরাটের মাধ্যমে সাইড উন্নয়ন কাজের জন্য প্রি ওয়ার্ক ও পোষ্ট ওয়ার্ক মাপ ব্যতীত আইটেম নং-৫ (নন-টে-আই) ৬০৮০ বর্গফুট বালি ভরাট বাবদ প্রতি বর্গফুট ৩৫ টাকা হারে মোট ২,১২,৮০০ টাকা (৬০৮০৬৩৫) প্রদান করা হয়। প্রকল্পের স্থানীয় কর্তৃপক্ষ এতদসংক্রান্ত পরিমাপ বহি নং-৪২ ও ৪৩ অডিটে উপস্থাপন করিতে অসমর্থ হন। পরিমাপ না থাকায় উল্লেখিত কাজটি আদৌ হইয়াছে কিনা অডিট নিশ্চিত হইতে পারে নাই। সিপি ডব্লিউ এ কোড এর অনুচ্ছেদ ২০৮ অনুযায়ী পরিমাপ গ্রহণ আবশ্যক। পরিমাপ বহি ব্যতিরেকে আলোচ্য পরিশোধ গ্রহণ যোগ্য নহে।

উক্ত লেনদেনকালীন সময়ে জনাব কর্ণেল সৈয়দ আনোয়ার হোসেন, প্রধান প্রকৌশলী, হিসাবে দায়িত্বে নিয়োজিত ছিলেন।

বিষয়টির উপর স্থানীয়ভাবে আপত্তি উপস্থাপন করিয়া কোন জবাব না পাওয়ায় অগ্রিম অনুচ্ছেদ আকারে ৭-১-২০০১ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও প্রকল্প পরিচালকের গোচরে নেওয়া হয় এবং জবাব ত্বরান্বিত করার জন্য ২১-০১-২০০১ তারিখে তাগিদ দেওয়া হয়। এতদসত্বেও জবাব না পাওয়ায় সর্বশেষ ব্যবস্থা হিসাবে মন্ত্রণালয়ের সচিব বরাবরে ২৯-১-২০০১ তারিখে আধা-সরকারী পত্র লিখা হয়। তথাপি কোন জবাব পাওয়া যায় নাই।

কোডাল রুল ভঙ্গ করিয়া অর্থ পরিশোধের জন্য দায়-দায়িত্ব নির্ধারণ পূর্বক আপত্তিকৃত অর্থ আদায় করা আবশ্যক ।

৭ অনিয়মিত ভাবে জ্বালানী খরচ করায় ১,১০,৩৪১ টাকা আর্থিক ক্ষতি।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক আইডিএ খণ চুক্তি নং -৩১০১ বিডি ও ৩৭৩৫ বিডির অর্থায়নে বাস্তবায়িত এইচ.পি.এস.সি কর্মসূচীর এর ১৯৯৯-২০০০ সালের হিসাব ১৭-৯-২০০০ হইতে ১৮-৯-২০০০ তারিখ পর্যন্ত সময়ে অডিট করা হয়। অডিটকালে উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা অফিস মুন্সীগঞ্জের ক্যাশবুক এবং বিল/ভাউচার হইতে দেখা যায় যে, উপ-পরিচালক,জেলা পরিবার পরিকল্পনা মুন্সীগঞ্জ স্পীড বোটের জন্য মোট ৪৮৩২ লিটার (জুলাই/৯৯ মাসে ০৮দিনে =১২০৭ লিঃ , আগষ্ট/৯৯ মাসে ০৮ দিনে ১২৪৪ লিঃ সেপ্টেম্বর/৯৯ মাসে ০৩ দিনে ৪৭২.৫০ লিঃ মার্চ/২০০০ মাসে ০২ দিনে ৩১৫ লিঃ ,এপ্রিল /২০০০ মাসে ০২দিনে ২৮৩.৫০ লিঃ এবং জুন/২০০০ মাসে ০৯দিনে ১৩১০ লিটার) জ্বালানী ব্যবহার করিয়া মোট ১,১০,৩৪১ টাকা ব্যয় করেন। (বিবরণী সংযুক্ত) । কিন্তু উক্ত ব্যয়ের সপক্ষে জ্বালানী ব্যবহারের রেকর্ড অর্থাৎ লগ বহি অডিট কালীন সময়ে উডিটে উপস্থাপন করা হয় নাই। ফলে অডিটে উক্ত খরচের বৈধতা যাচাই করা সম্ভব হয় নাই।

উক্ত সময়ে মিঃ নূর মোহাম্মদ, উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা অফিস, মুন্সীগঞ্জের দায়িত্বে নিয়োজিত ছিলেন।

বিষয়টির উপর স্থানীয় ভাবে আপত্তি উত্থাপন করিয়া কোন জবাব না পাওয়ায় অনিয়মটি অগ্রিম অনুচ্ছেদ আকারে ০৭-০১-২০০১ তারিখে মন্ত্রণালয় ও প্রকল্প পরিচালকের গোচরে করেন এবং জবাবের জন্য ২১-০১-২০০১ তারিখে তাগিদ দেওয়া হয়। এতদসত্ত্বেও জবাব না পাওয়ায় সর্বশেষ ব্যবস্থা হিসাবে ২৯-০১-২০০১ তারিখে মন্ত্রণালয়ের সচিব বরাবরে আধা-সরকারী পত্র লিখা হয়। তথাপি কোন জবাব পাওয়া যায় নাই।

অতএব, তদন্ত পূর্বক দায় দায়িত্ব নির্ধারণ ও অডিটযোগ্য রেকর্ডপত্র অডিটে উপস্থাপনের ব্যবস্থা করা আবশ্যক।

৮ **অডিটের নিকট অডিট যোগ্য ২১,২৭,৬৯,০০০ টাকার বিল/ভাউচার দাখিল করা হয় নাই। যাহা গুরুতর আর্থিক অনিয়ম।**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক আইডিএ ঋণ চুক্তি নং-৩১০১ বিডির অর্থায়নে বাস্তবায়িত স্বাস্থ্য ও জন সংখ্যা সেক্টর কর্মসূচী এর অন্তর্ভুক্ত ই, এস, পি (স্বাস্থ্য) কম্পোনেন্ট এর ১৯৯৯-২০০০ সনের হিসাব ১২-৯-২০০০ হইতে ৩-১২-২০০০ পর্যন্ত সময়ে অডিট করা হয়। অডিটকালে ডিপুটি প্রোগ্রাম ম্যানেজার (সি, ডি, ডি), প্রোগ্রাম ম্যানেজার (রিপ্রোডাকটিভ হেলথ্), ডিপুটি প্রোগ্রাম ম্যানেজার (টিবিলেপ্রসি), প্রোগ্রাম ম্যানেজার (এ,আর, আই), সিভিল সার্জন জামালপুর এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ইসলামপুর এবং জামালপুর কর্তৃক ওয়ার্কসপ, ঔষধ ক্রয়, মুদ্রণ, পরামর্শক ফি ইত্যাদি বাবদ ব্যয়িত টাকার বিলভাউচার অডিটের চাহিদা সত্ত্বেও অডিটে দাখিল করা হয় নাই। ফলে বর্ণিত টাকার ভাউচার অডিট করা সম্ভব হয় নাই।

সংবিধানের ১২৮(১) ধারা ও জিএফআর এর অনুচ্ছেদ ১৯ অনুযায়ী অডিটের নিকট অডিটযোগ্য বিল/ভাউচার উপস্থাপন করা অডিটির দায়িত্ব। অডিটের নিকট অডিটযোগ্য বিল/ভাউচার উপস্থাপন না করায় সংবিধান ও জিএফআর এর বিধান লংঘিত হইয়াছে এবং ভাউচারগুলি অডিটের বাহিরে থাকিয়া গিয়াছে এবং খরচের বৈধতা অডিটের পক্ষে যাচাই করা সম্ভব হয় নাই।

উক্ত সময়ে ডাঃ সামসুল হক উক্ত সময়ে লাইন ডাইরেক্টর এর দায়িত্বে নিয়োজিত ছিলেন।

বিষয়টির উপর স্থানীয়ভাবে আপত্তি উপস্থাপন করিয়া কোন জবাব না পাওয়ায় অগ্রিম অনুচ্ছেদ আকারে ২১-১১-২০০০ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও প্রকল্প পরিচালকের গোচরে নেওয়া হয় এবং জবাব ত্বরান্বিত করার জন্য ৭-১-২০০১ তারিখে তাগিদ দেওয়া হয়। এতদসত্ত্বেও জবাব না পাওয়ায় সর্বশেষ ব্যবস্থা হিসাবে মন্ত্রণালয়ের সচিব বরাবরে ২৯-১-২০০১ তারিখে আধা-সরকারী পত্র লিখা হয়। কিন্তু কোন জবাব পাওয়া যায় নাই।

অতএব সংবিধানের ধারা ও জিএফআর এর বিধি লংঘনের জন্য দায়-দায়িত্ব নির্ধারণ পূর্বক উক্ত খরচের বিল/ভাউচারগুলি অডিটের ব্যবস্থা করা আবশ্যক।